ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

নগর ভবন, ফিনিক্স রোড, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০

www.dscc.gov.bd

স্মারক সংখ্যা : ৪৬.২০৭.০০০.০৩.০৩.৩২৩৭.২০২৫- ৬৮৭

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র. নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | মেডিকেল অফিসার<br>(নাক-কান-গলা-২<br>ব্লাড ব্যাংক-১<br>চর্ম ও যৌন-২<br>বহি: বিভাগ ও ইনডোর-৬<br>জরুরি বিভাগ-২)<br>২২,০০০-৫৩,০৬০/-(৯ম গ্রেড) | ১৩ (তের) টি | ১৮-৩২ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যাচেলর অব মেডিসিন এন্ড ব্যাচেলর অব সার্জারী (এমবিবিএস) অথবা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) কর্তৃক প্রদত্ত চিকিৎসক নিবন্ধন সনদ। |
| ২. | মেডিকেল অফিসার (প্যাথলজি)<br>২২,০০০-৫৩,০৬০/-(৯ম গ্রেড) | ১ (এক) টি | ১৮-৩২ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যাচেলর অব মেডিসিন এন্ড ব্যাচেলর অব সার্জারী (এমবিবিএস) অথবা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) কর্তৃক প্রদত্ত চিকিৎসক নিবন্ধন সনদ। |
| ৩. | ডেন্টাল সার্জন<br>২২,০০০-৫৩,০৬০/-(৯ম গ্রেড) | ১ (এক) টি | ১৮-৩২ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যাচেলর অব ডেন্টাল সার্জন (বিডিএস) অথবা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) কর্তৃক প্রদত্ত চিকিৎসক নিবন্ধন সনদ। |
| ৪. | কীট নিয়ন্ত্রণ কর্মকর্তা<br>২২,০০০-৫৩,০৬০/-(৯ম গ্রেড) | ১ (এক) টি | ১৮-৩২ বছর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রাণিবিদ্যা বা কৃষি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা ডিগ্রি। |
| ৫. | ভেটেরিনারী কর্মকর্তা<br>২২,০০০-৫৩,০৬০/-(৯ম গ্রেড) | ৬ (ছয়) টি | ১৮-৩২ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পশু চিকিৎসা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) ভেটেরিনারী কাউন্সিল এর রেজিস্ট্রেশনপ্রাপ্ত। |

২। **নিম্নলিখিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে ঃ**

(১) ৩০ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ/১৫ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ হতে ৩২ বছর হতে হবে। এস.এস.সি/সমমানের সনদের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(২) সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

(৩) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(৪) আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স, নিজ জেলার নাম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।

(৫) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপিসহ সকল সনদপত্রের সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে।

(৬) চাকুরির আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা প্রশাসক/সিটি কর্পোরেশনের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা/পৌরসভার মেয়র বা প্রশাসক অথবা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত (নিজ জেলা উল্লেখ করতঃ) নাগরিকত্বের সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্র (ভোটার আইডি কার্ড) বা জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(৭) কোটা সংক্রান্ত সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ প্রজ্ঞাপন অনুসরণ করা হবে;

(৮) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ আপলোড করতে হবে;

চলমান পাতা-০২

(৯) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধা সনদ (মন্ত্রণালয়ের সনদ, বামুস সনদ), মুক্তিবার্তা/গেজেট নম্বর ও তারিখ, মুক্তিযোদ্ধার বয়স প্রমাণের লক্ষ্যে এসএসসি সনদ/জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার মৃত্যু সনদ এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরি প্রার্থীদের ক্ষেত্রে উপরোক্ত কাগজপত্রসহ প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা প্রশাসক/সিটি কর্পোরেশনের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা/পৌরসভার মেয়র বা প্রশাসক অথবা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র। প্রার্থী এবং তার পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

(১০) সকল সত্যায়ন/প্রত্যয়ন প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হবে।

(১১) কোন কারণ উল্লেখ ছাড়াই এ নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/ স্থগিত/বাতিল করার ক্ষমতাসহ নিয়োগ বিজ্ঞাপিতে উল্লিখিত পদ সংখ্যা দাপ্তরিক প্রয়োজন ও জনস্বার্থে কম/বেশী করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

(১২) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমন ভাতা/দৈনন্দিন ভাতা প্রদান করা হবে না।

(১৩) বিজ্ঞপ্তি অনুযায়ী উল্লিখিত পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

(১৪) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dscc.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনপত্রের বিস্তারিত নিয়মাবলী http://dscc.teletalk.com.bd এবং www.dscc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ ঃ

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ঃ ১৬ অগ্রহায়ন ১৪৩২ বঙ্গাব্দ/০১ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ; সকাল ঃ ১০:০০ টা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ঃ ১৬ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ/৩১ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ বিকেল ঃ ৫:০০ টা।

(iii) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(১৫) আবেদনকারীকে পরীক্ষার ফি বাবদ প্রতি পদের জন্য ২০০/-(দুইশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ২৩/- (তেইশ) টাকা মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা Teletalk pre-paid mobile ব্যবহার করে প্রদান করতে হবে।

(১৬) Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

(১৭) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(১৮) উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

২৬/১১/২০২৫

(মোহাম্মদ নাছিম আহমেদ)
সচিব
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
ফোন ঃ ০২-২২৩৩৮৩৫০৭

স্মারক সংখ্যা : ৪৬.২০৭.০০০.০৩.০৩.৩২৩৭.২০২৫-৮৮৭

তারিখঃ ১১ অগ্রহায়ন ১৪৩২ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ; স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় প্রধান (সকল) ................................................................, ঢাদসিক।
৩। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং # ৩/এ, ৫/এ, ৭/এ, রোড # ১৭, গুলশান, ঢাকা-১২১২।
৪। প্রশাসকের একান্ত সচিব, ঢাদসিক (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল- ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯ ও ১০ [এ বিজ্ঞপ্তিটি স্ব-স্ব আঞ্চলিক কার্যালয়ের নোটিশ বোর্ডে সাঁটানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)]।
৬। সিস্টেম এনালিস্ট, ঢাদসিক [এ বিজ্ঞপ্তিটি এবং অনলাইনে আবেদন করার বিস্তারিত নিয়মাবলী ঢাদসিক এর বাতায়নে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ ]।
৭। জনসংযোগ কর্মকর্তা, ঢাদসিক [এ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ২টি বাংলা ও ১টি ইংরেজি দৈনিক জাতীয় পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ ]।
৮। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাদসিক (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। জনাব এ কে এম দিদার উদ্দিন সেলিম, ডেপুটি ম্যানেজার, ডিজিটাল সার্ভিসেস, টেলিটক বাংলাদেশ লিমিটেড [ এ বিজ্ঞপ্তিটি এবং অনলাইনে আবেদন করার বিস্তারিত নিয়মাবলী ওয়েবসাইটে (http://dscc.teletalk.com.bd) প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) ]।
১০। সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২ ও ৩, ঢাদসিক ।
১১। সহকারী সচিব, সাধারণ প্রশাসন শাখা, (তিনি এ বিজ্ঞপ্তিটি নগর ভবন নোটিশ বোর্ডে সাঁটানোর ব্যবস্থা গ্রহণ করবেন) ঢাদসিক ।
১২। সচিবের ব্যক্তিগত সহকারী, ঢাদসিক।
১৩। অফিস কপি (নথি নম্বর-৪৬.২০৭.০০০.০৩.০৩.৩২৩৭.২০২৫ তারিখ ঃ ০৯.০৭.২০২৫)।

২৬/১১/২৫

(মো: ওছমান গনি)
সহকারী সচিব
সংস্থাপন শাখা-৩
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

নগর ভবন, ফিনিক্স রোড, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০

www.dscc.gov.bd

**অনলাইনে আবেদন করার বিস্তারিত নিয়মাবলী ঃ**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dscc.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ ঃ

(i) Online -এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ঃ ১৬ অগ্রহায়ন ১৪৩২ বঙ্গাব্দ/০১ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ; সকাল ঃ ১০:০০ টা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ঃ ১৬ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ/৩১ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ বিকেল ঃ ৫:০০ টা।

(iii) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন;

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর সদ্য তোলা রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে;

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online -এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন;

ঘ. প্রার্থী Online -এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন;

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান ঃ Online -এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা ডাউনলোড করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে। উক্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে প্রতি পদের জন্য ২০০/-(দুইশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ২৩/-(তেইশ) টাকা মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS: DSCC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

> ***Example: DSCC ABCDEF***
> ***Reply: Applicant's Name, Tk. 223/- will be charged as application fee. Your PIN is XXXXXXXX. To pay fee Type DSCC<Space>Yes<Space>PIN and send to 16222 নম্বরে।***

দ্বিতীয় SMS: DSCC<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

> ***Example: DSCC YES XXXXXXXX***
> ***Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DSCC Application for XXXXXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXX).***

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dscc.teletalk.com.bd অথবা ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর Website: www.dscc.gov.bd'র এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। **Online** আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS -এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলেDSCC<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: **DSCC HELP USER ABCDEF**

ii. PIN Number জানা থাকলেDSCC<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: **DSCC HELP PIN 12345678**

(স্বাক্ষর) ২৫/১১/২০২৫

(মোহাম্মদ নাছিম আহমেদ)
সচিব
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
ফোন ঃ ০২-২২৩৩৮৩৫০৭